



লেবাননে ইসরায়েলের অভিযান চলমান থাকবে: নেতানিয়াহু



ছবি: সংগৃহীত

লেবানন সীমান্তে সামরিক অভিযান অব্যাহত রাখার ঘোষণা দিয়েছে ইসরায়েল। দেশটির প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু বলেছেন, জাতীয় নিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ চলমান থাকবে।

ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাটজ এবং সেনাবাহিনীর চিফ অব স্টাফ লেফটেন্যান্ট জেনারেল ইয়াল জামির এক যৌথ সংবাদ সম্মেলনে জানান, লেবানন থেকে আসা যেকোনো নিরাপত্তা হুমকি মোকাবিলায় কঠোর অবস্থানে রয়েছে ইসরায়েল।

তাদের ভাষ্য, ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) সেনা ও বেসামরিক নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে কাজ চালিয়ে যাবে। একই সঙ্গে সশস্ত্র গোষ্ঠীগুলোর অবকাঠামো ধ্বংস এবং দক্ষিণ লেবাননে নিরাপত্তা ব্যবস্থা বজায় রাখার কার্যক্রমও অব্যাহত থাকবে।

কর্মকর্তারা বলেন, দেশের নাগরিক ও নিরাপত্তা বাহিনীর সদস্যদের সুরক্ষার প্রশ্নে কোনো ধরনের আপস করা হবে না। এ বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে।

এদিকে নেতানিয়াহু, প্রতিরক্ষামন্ত্রী কাটজ এবং সেনাপ্রধান জামির উত্তরাঞ্চলীয় কমান্ডের শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে পরিস্থিতি পর্যালোচনা করে আলোচনা করেছেন বলেও জানানো হয়েছে।